১৭. এমডিজির পূর্ণাঙ্গ রূপ-
ক. মিনিমাম ডেভেলপমেন্ট গোল্স
খ. মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল্স
গ. মিলিটারি ডিফেন্স গ্রউন্ড
ঘ. মিলিটারি ডিলিমিটেশন গ্রুপ

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি ঘ (২০১১-২০১২) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (১৯) নং দেখ।
সঠিক উত্তর : খ.

১৮. ইন্দোনেশিয়া কার উপনিবেশ ছিল?
ক. ব্রিটেন খ. ফ্রান্স
গ. পর্তুগাল ঘ. নেদারল্যান্ডস্

ব্যাখ্যা: • নেদারল্যান্ডের উপনিবেশ - ইন্দোনেশিয়া।
• ব্রিটেনের উপনিবেশ - মালায়েশিয়া, মিয়ানমার।
• পর্তুগালের উপনিবেশ - পূর্ব তিমুর।
সঠিক উত্তর : ঘ.

১৯. পিট্স্বার্গ মার্কিন যুক্তরাষ্ট্রের কোন অঙ্গরাজ্যের অন্তর্ভুক্ত?
ক. ক্যালিফোর্নিয়া খ. পেনসিলভেনিয়া
গ. ফ্লোরিডা ঘ. টেক্সাস

সঠিক উত্তর : খ.

২০. ২০১৬ সালের গ্রীষ্মকালীন অলিম্পিক গেমসের আয়োজক-
ক. লন্ডন খ. শিকাগো
গ. এথেন্স ঘ. রিও ডি জেনিরো

সঠিক উত্তর : ঘ.

২১. OPEC কোন পণ্যের cartel?
ক. পাট খ. কপা
গ. কফি ঘ. পেট্রোলিয়াম

ব্যাখ্যা: নির্দিষ্ট পন্যের উপর রপ্তানি জোটকে কার্টেল বলে।
• OPEC - Organization of the Petroleum Exporting Countries.
• ১৪ সেপ্টেম্বর ১৯৬০ OPEC প্রতিষ্ঠা লাভ করে।
• OPEC এর বর্তমান সদস্য সংখ্যা-১২
• সদর দপ্তর - ভিয়েনা, অস্ট্রিয়া
সঠিক উত্তর : ঘ.

২২. কোন দেশটিতে বর্তমানে ন্যাটো বাহিনীর উপস্থিতি আছে?
ক. ইরাক খ. আফগানিস্তান
গ. সুদান ঘ. কোনটিই নয়

সঠিক উত্তর : খ.

২৩. প্রথম বাঙালি দাবা গ্রান্ডমাষ্টার কে?
ক. জিয়াউর রহমান খ. সূর্য শেখর গাঙ্গুল
গ. নিয়াজ মুর্শেদ ঘ. দিব্যেন্দু বড়ুয়া

ব্যাখ্যা: বাংলাদেশে বর্তমানে ৫ জন গ্র্যান্ডমাস্টার রয়েছে।
সর্বপ্রথম - নিয়াজ মোর্শেদ (১৯৯৭)
সর্বশেষ - এনামুল হোসেন রাজীব (২০০৮)
সঠিক উত্তর : গ.

২৪. আফ্রিকা ভিত্তিক COMESA হচ্ছে একটি-
ক. শান্তি ফোরাম খ. সামরিক জোট
গ. বাণিজ্যিক ব্লক ঘ. পরিবেশবাদী গ্রুপ

ব্যাখ্যা: COMESA - Common Market for Eastern and Southern Africa.
সঠিক উত্তর : গ.

২৫. গ্রিন হাউস গ্যাস নির্গমনকারী শীর্ষস্থানীয় দেশ দু'টি হচ্ছে-
ক. মার্কিন যুক্তরাষ্ট্র ও জাপান খ. মার্কিন যুক্তরাষ্ট্র ও চীন
গ. মার্কিন যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য ঘ. মার্কিন যুক্তরাষ্ট্র ও রাশিয়া

ব্যাখ্যা: গ্রীন হাউস গ্যাস নির্গমনাকারী শীর্ষ দেশ -
১. যুক্তরাষ্ট্র ২. চীন ৩. যুক্তরাজ্য
সঠিক উত্তর : খ.

## ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)
শিক্ষাবর্ষ ঃ ২০০৮-২০০৯

### বাংলা

০১. 'একটি ফটোগ্রাফ' কোন ছন্দে লেখা?
ক. সামিল অক্ষরবৃত্ত খ. মুক্তক অক্ষরবৃত্ত
গ. স্বরমাত্রিক ঘ. মাত্রাবৃত্ত

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

০২. 'টুপভুজঙ্গ' বাগধারার অর্থ-
ক. জল-সাপ খ. নির্লজ্জ গ. নেশাগ্রস্ত ঘ. গো-সাপ

সঠিক উত্তর : গ.

০৩. 'অতি কর্মনিপুণ ব্যক্তি'র বাক্য সংকোচন-
ক. ধুরন্ধর খ. কর্মদক্ষ গ. কর্মবীর ঘ. সুকর্মী

সঠিক উত্তর : ক.

০৪. প্রত্যয়ের অপপ্রয়োগজনিত অশুদ্ধ শব্দ-
ক. তদ্দর্শনে খ. অধীন গ. নির্দোষিতা ঘ. আবশ্যকীয়

ব্যাখ্যা: অবশ্য + অক (বুঞ্) - আবশ্যক
এই বিশেষণের সাথে নতুন করে" "ঈয়" প্রত্যয় যোগ করায় এটি "বাহুল্য দোষ" এর মধ্যে পড়ে।
সঠিক উত্তর : ঘ.

০৫. আধার-আধেয় সম্বন্ধ হল-
ক. টিনের দুধ খ. রাজশাহীর পদ্ম গ. যমুনা-সেতু ঘ. টর্চের আলো

ব্যাখ্যা: "সম্বন্ধ পদ" বহু প্রকারের হতে পারে।
গুরুত্বপূর্ণ কিছু দেয়া হল-

| | |
|---|---|
| অধিকার সম্বন্ধ - রাজার রাজ্য | জন্য-জনক সম্বন্ধ - পুকুরের মাছ |
| ব্যাপ্তি সম্বন্ধ - রোজার ছুটি | অংশ সম্বন্ধ - মাথার চুল |
| আধার-আধেয় সম্বন্ধ - টিনের দুধ | অভেদ সম্বন্ধ - জ্ঞানের আলোক |
| বিশেষণ সম্বন্ধ - সুখের দিন | নির্ধারণ সম্বন্ধ - সবার ছোট |

সঠিক উত্তর : ক.

০৬. bloc-এর যথার্থ পারিভাষিক শব্দ-
ক. অবরোধ খ. শক্তিজোট
গ. নির্ধারিত এলাকা ঘ. নির্দিষ্ট সংখ্যক অট্টালিকা

ব্যাখ্যা:

| | |
|---|---|
| Bloc - শক্তিজোট | Colony - উপনিবেশ |
| Archieves - মহাফেজখানা | Study leave - শিক্ষা ছুটি |
| Time and again - বারবার | Hybrid - উচ্চ ফলনশীল |
| In abeyance - স্থগিত করা | Provoke - উস্কানি দেওয়া |

সঠিক উত্তর : খ.

০৭. অসংলগ্ন সমাস-
ক. কালোগোলাপ খ. সঙ্গীত সম্মেলন
গ. সংস্কৃতি-বিষয়ক ঘ. রীতি-নীতি

ব্যাখ্যা: "সঙ্গীত আসর" হয় "সঙ্গীত সম্মেলন" হয় না।
সঠিক উত্তর : খ.

০৮. ভুল সন্ধি-
ক. মনঃ + কষ্ট = মনঃকষ্ট খ. ইতঃ + পূর্বে = ইতোপূর্বে
গ. সিম্ + হ = সিংহ ঘ. শ্রু + অন = শ্রবণ

ব্যাখ্যা : • "সিংহ" একটি মৌলিক শব্দ তাই এর সন্ধি হয় না।
• ইতঃ + পূর্বে = ইতঃপূর্বে।
সঠিক উত্তর : খ ও গ.

০৯. উপসর্গযুক্ত শব্দ-
ক. কুজন খ. কুসুম গ. কুলীন ঘ. কুশল

ব্যাখ্যা ঃ উপসর্গ অন্য শব্দের আগে বসে অর্থের বৈচিত্র্য করে। "জন" শব্দটি "কু" উপসর্গ এর সাথে যুক্ত হয়ে নতুন অর্থ প্রকাশ করেছে। তাই এটি একটি উপসর্গযুক্ত শব্দ। অপশনের বাকি দুটি শব্দ প্রত্যয় এবং সর্বশেষ শব্দটি মৌলিক শব্দ।
সঠিক উত্তর ঃ ক.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১০. কর্মবাচ্যের উদাহরণ-
ক. ওকে কেতে ডেকে আন খ. দূর থেকে পাহাড় নিচু দেখায়
গ. কেমন শীত শীত করছে ঘ. তা, আপনার কী করা হয়?

ব্যাখ্যা ঃ বাচ্য প্রধানত তিন প্রকার, যথা:
•কতৃবাচ্য : যে বাচ্যে কর্তাই মুখ্য, ক্রিয়া কর্তার অনুসারী, তাই কতৃবাচ্য।
উদাহরণ : ছাত্ররা অঙ্ক করছে; শিক্ষক ছাত্রদের পড়ান;
•কর্মবাচ্য : যে বাচ্যে কর্মের প্রাধান্য থাকে, ক্রিয়া কর্মের অনুসারী তাই কর্মবাচ্য।
উদাহরণ : শিকরী কতৃক বাঘ নিহত হয়েছে। চোরটি ধরা পড়েছে। আসামিকে জরিমানা করা হয়েছে।
•ভাববাচ্য: যে বাচ্যে কর্ম থাকে না এবং ক্রিয়ার অর্থই বিশেষভাবে ব্যক্ত হয় তাই ভাববাচ্য
উদাহরণ : এ পথে চলা যায় না; কোথা থেকে আসা হচ্ছে; এ রাস্তা আমার চেনা নেই।
•কর্ম-কতৃ বাচ্য: এ বাক্যে কর্মপদই কতৃস্থানীয় হয়ে বাক্য গঠন করে।
উদাহরণ: কাজটা ভাল দেখায় না; বাঁশি বাজে এ মধুর লগনে; সুতি কাপড় অনেক দিন টিকে।
সুতরাং অপশন গুলোর মধ্যে (খ)-অপশন টিই খাটে। কারণ এখানে কর্ম কেই প্রাধান্য দেয়া হয়েছে।
সঠিক উত্তর : খ.

১১. বহুবচনজ্ঞাপক শব্দ-
ক. ময় খ. চয় গ. লয় ঘ. হয়

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০১০-২০১১) এর (০৫) নং দেখ।
সঠিক উত্তর : খ.

১২. 'আমার মনে হইয়াছে, ইংরেজের মহত্বকে এরা সকল প্রকার নৌকাডুবি থেকে উদ্ধার করিতে পারিবেন।'- চলিত রীতি বাক্যটিতে ভুলের সংখ্যা-
ক. তিন খ. চার গ. পাঁচ ঘ. ছয়

ব্যাখ্যা: বাক্যটিতে মোট ৬টি ভুল আছে।
শুদ্ধরূপ - হয়েছে, মহত্ত্ব, সব, ধরণের, করতে, পারবেন।
সঠিক উত্তর : ঘ.

১৩. "On that question I must part company with you." - বাক্যটির বঙ্গানুবাদ-
ক. ঐ প্রশ্নে আমি অবশ্যই তোমার সঙ্গে ভিন্নমত পোষণ করব
খ. ঐ বিবেচনায় আমি অবশ্যই তোমার সঙ্গে কোম্পানিটি ভাগ করে নেব
গ. ঐ কারণে আমি অবশ্যই তোমার সঙ্গ ত্যাগ করব
ঘ. ঐ প্রশ্নে আমি নিশ্চয়ই তোমার বিরুদ্ধে যাব

ব্যাখ্যা: On that question I must Part Company with you- ঐ কারণে আমি অবশ্যই তোমার সঙ্গ ত্যাগ করব।
আরও কিছু গুরুত্বপূর্ণ বঙ্গানুবাদ-
The baby burst into a giggle - শিশুটি খিল খিল করে হাসছে
The cloth has fast colour - কাপড়খানির রং পাকা
The flag is fluttering in the breeze - পতাকাটি পত পত করে উড়ছে।
The train has been railed - ট্রেনটি ঠিকমতো চলছে।
সঠিক উত্তর : গ.

১৪. প্রতিশব্দদ্বয়-
ক. প্যান্ট - কোর্তা খ. মৎস - মাংস গ. লাল - লোহিত ঘ. ফ্রুট - ফুল

ব্যাখ্যা: লাল শব্দের অর্থ লোহিত। অন্য শব্দ গুলোর অর্থ ভিন্নার্থক।
সঠিক উত্তর : গ.

১৫. 'বাজখাঁই' শব্দটি-
ক. বিশেষ্য খ. বিশেষণ গ. সর্বনাম ঘ. ক্রিয়া

ব্যাখ্যা: "একটি ফটোগ্রাফ" কবিতায় উদ্বৃতি লাইন টুকু ছিল এরকম-
অথচ এর মধ্যে বাজখাঁই।
কেউ যেন আমার শোকের নদীটিকে কত দ্রুত রুক্ষচর করে দিলে।
যে পদ বিশেষ্য, সর্বনাম বা ক্রিয়াকে বিশেষিত করে, তাই মূলত বিশেষণ পদ, তাই এখানে "বাজখাই" বিশেষণ পদ কারণ এটি পরের অংশকে বিশেষিত করেছে।
সঠিক উত্তর : খ.

১৬. আরবি শব্দ নয়-
ক. আজব খ. আদব গ. আমল ঘ. আবাদ

ব্যাখ্যা: আরবি শব্দ- আজব, আদব, আমল, ঈমন, ইশতেহার, এতিম, এলাকা, কলম, খবর, খাজনা, তবলা, তুফান, ফসল, বকেয়া, মসলা, মুলতবি, শতরঞ্চ, ফয়সালা, উকিল, কবর, রায়, লেবু, মশকরা, মশগুল, দলিল, ফসল, মোলায়েম, শালগম ইত্যাদি।
আবাদ - ফারাসি শব্দ।
ফারসি শব্দ জানতে বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর (১২) নং দেখ।
সঠিক উত্তর : ঘ.

১৭. কোন শব্দগুচ্ছে অশুদ্ধ বানান আছে-
ক. প্রদোষ; যুধিষ্ঠির; চান্দ্রায়ণ; পলান্ন
খ. সমীক্ষণ; বিপন্ন; শতবার্ষিক; সাইরেন
গ. শেকসপিয়র; পরিষ্কার; সুরকি; সৌষ্ঠ্যব
ঘ. প্রণয়ন; পরিবহন; দুর্নীতি; হস্তিনী

ব্যাখ্যা: শুদ্ধ রূপ-সৌষ্ঠব
সঠিক উত্তর : গ.

১৮. 'গৃহী' শব্দের বিপরীতার্থক শব্দ-
ক. সংসারী খ. সঞ্চয়ী গ. সংস্থিতি ঘ. সন্ন্যাসী

ব্যাখ্যা : কিছু কিছু গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ-

| মূল শব্দ | বিপরীত শব্দ | মূল শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| গৃহী | সন্ন্যাসী | নৈ:শব্দ | সশব্দ |
| উন্মুখ | বিমুখ | প্রাংশু | বামন |
| গ্রামীন | নাগরিক | ব্যক্ত | গুপ্ত |
| চিরায়ত | সাময়িক | ঝানু | অপটু |
| নিষেধ | বিধি | স্বকীয় | পরকীয় |

সঠিক উঠিক : ঘ.

১৯. কোনটি প্রবাদ?
ক. বোমা ফাটানো খ. পাড়াপড়শির চক্ষুশূল
গ. চড়াই উৎরাই ঘ. ধর্মের কল বাতাসে নড়ে

সঠিক উত্তর : ঘ.

২০. দুটি পুরুষবাচক রূপ রয়েছে কোন শব্দের?
ক. ননদ খ. প্রিয়া গ. শিষ্যা ঘ. আয়া

ব্যাখ্যা: "ননদ" শব্দটি দুটি পুরুষবাচক শব্দ - দেবর ও ভাশুর
আবার, পুরুষ বাচক শব্দের দুটো স্ত্রীবাচক শব্দ রয়েছে-
দেবর, ভাই, শিক্ষক, বন্ধু, দাদা
সঠিক উত্তর : ক.

২১. স্বামীর মৃত্যুর কত দিন পর বিলাসী আত্মহত্যা করে?
ক. পনের খ. দশ গ. সাত ঘ. পাঁচ

ব্যাখ্যা: ন্যাড়ার উক্তি- "যাক তাহার দুঃখের কাহিনি আর বাড়াইব না। কেবল এই টুকু বলিয়া শেষ করিব যে, সে সাত দিনের বেশি বাঁচিয়া থাকটা সহিতে পারিল না।"
সঠিক উত্তর : গ.

২২. 'চারি দিকে বাঁকা জল করিছে খেলা'।- 'বাঁকা জল' কিসের প্রতীক?
ক. স্রোতপূর্ণ জল খ. ঘূর্ণ্যমান জল
গ. কালস্রোত ঘ. আঁকাবাঁকা স্রোত

ব্যাখ্যা: "চারিদিকে বাঁকা জল করিছে খেলা"- ধানক্ষেতটি ছোট দ্বীপের আঙ্গিকে চিত্রিত। তার পাশে ঘূর্ণায়মান স্রোতের উদ্দামতা। নদীর 'বাঁকা' জলস্রোতে বেষ্টিত ছোট ক্ষেতটুকুর আশু বিলীয়মান হওয়ার ইঙ্গিত রয়েছে এ অংশে। 'বাঁকা জল' এখানে অনন্ত কালস্রোতের প্রতীক।
সঠিক উত্তর : গ.

২৩. 'রাজনীতির রাগুলাঠি' কোন রচনার প্রসঙ্গ?
ক. একটি তুলসী গাছের কাহিনী খ. একুশের গল্প
গ. সাহিত্যে খেলা ঘ. ভাষার কথা

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

২৪. 'রঙিন সাঁঝেরে ধুয়ে মুছে দিত মোদের চোখের ধারা।' পঙ্ক্তিটির আগের পঙ্ক্তি-
ক. 'সারা বাড়ি ভর্তি এত সোনা মোর ছড়াইয়া দিল কারা'
খ. 'বুকেতে তাহারে জড়ায়ে ধরিয়া কেঁদে হইতাম সারা'
গ. 'এখানে ওখানে ঘুরিয়া ফিরিতে ভেতে হইতাম সারা'
ঘ. 'আমারে দিখিতে যাইও কিন্তু উজান-তলীর গাঁ'

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

২৫. শকুন্তলাকে রক্ষা করেছিল-
ক. বিশ্বমিত্র খ. মেনকা গ. কণ্বমুনি ঘ. শকুন্ত

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ঘ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## English

**01. Choose the correct sentence:**
A. I earned nearly a hundred dollars last week
B. I earned a nearly hundred dollars last week
C. I earned a hundred dollars nearly last week
D. I earned a hundred dollars last week nearly

ব্যাখ্যা: অপশন (A) ছাড়া অন্য কোন অপশন এ বাক্য বিন্যাস সঠিকভাবে হয় নাই, মূলত এ Question টিতে Grammatical rule নেই।
**Ans : A.**

**02. 'Bank on' in the sentence 'You really can't bank on the support of this neighbour of yours' means**
A. ask for B. appeal to C. ignore D. depend on

ব্যাখ্যা: Bank on - নির্ভর করা/ভরসা করা
Depend on - নির্ভর করা
**Ans : D.**

**03. Choose the appropriate preposition for the following sentence: 'The behavior of our politicians does not accord ___ their stated principles.'**
A. with B. for C. to D. into

ব্যাখ্যা: Accored এর পরে Preposition with বসে,
Accored with - মিল হওয়া
**Ans : A.**

**04. The word that readily falls into place in the blank in 'In spite of everything, life is worth____'is**
A. eating B. singing
C. dancing D. living

**Ans : D.**

**05. It is correct to say-**
A. Habib and myself stayed home
B. Habib and me stayed home
C. Myself and Habib stayed home
D. Habib and I stayed home

ব্যাখ্যা: Sentence টিতে Subject হিসেবে Pronoun এর Subjective form হবে, তাই অপশন (D) ই শুদ্ধ।
Rafiq and I get our breakfast
কিন্তু, They played with rafiq and me.
Rafiq and me object ই হিসেবে ব্যবহৃত হয়েছে, তাই Pronoun ও object form এ হবে।
**Ans : D.**

**06. ___ that life began billions of years ago in the water ___.**
A. In the belief B. It is believed
C. The belief D. Believing

ব্যাখ্যা: That দ্বারা যুক্ত অংশ subordinate clause হওয়ায় sentence এ Independent Clause থাকতে হবে। সে জন্য Fill in the gaps এ It is believed হবে।
**Ans : B.**

**07. The most important chemical catalyst on the planet is chlorophyll; ___ carbon dioxide and water react to form carbohydrates.**
A. whose presence B. which is present
C. presenting D. in the presence of which

ব্যাখ্যা: যার উপস্থিতিতে বোঝাতে in the presence of which বসবে।
**Ans : D.**

***Choose the correct options :***

**08. An antonym of 'severity' is-**
A. security B. celebrity
C. mildness D. separation

ব্যাখ্যা: Severity - কঠোর
Synonym : Harshness, Cruelty, Rigor
Antonym : Mildness, Pity, Kindness.
**Ans : C.**

**09. Which word rhymes with 'brow'?**
A. crow B. through
C. crew D. now

ব্যাখ্যা: Brow এর সাথে ছন্দ মিলবে now এর।
Reference : rhymezone.com/rhymedesk.com
**Ans : D.**

**10. The correct translation of 'আমি আম পছন্দ করি' would be-**
A. I like mango B. I would like a mango
C. I like mangoes D. I like the mango

**Ans : C.**

**11. The phrase 'look up to' most probably means-**
A. revere B. search
C. glance D. find

ব্যাখ্যা: Look about - খোঁজ করা Look after - দেখাশুনা করা।
Look at - তাকানো Look down upon - ঘৃণা করা।
Look into - তদন্ত করা Look over - পরীক্ষা করা।
Look to - মনোযোগী হওয়া Look up to - সম্মান করা।
Look upon - গণ্য করা Revere - শ্রদ্ধা করা
**Ans : A.**

**12. Please don't ___ on your payment.**
A. fall back B. fall behind
C. fall on D. fall off

ব্যাখ্যা: Fall back - পিছু হটা।
Fall down - পড়ে যাওয়া।
Fall from - ক্ষমতাচ্যুত হওয়া।
Fall in with - সম্মত হওয়া।
Fall off - খসে পড়া।
Fall through - নিষ্ফল হওয়া।
Fall flat - ব্যর্থতার পর্যবাসিত হওয়া।
Fall back on - নির্ভর করা, অবলম্বন করা।
**Ans : A.**

**13. If we work steadily, we can finish ___ noon.**
A. by B. on C. in D. between

ব্যাখ্যা: ভবিষ্যতে নির্দিষ্ট সময়ে পূর্বে সম্পাদিত কাজ বোঝাতে সময়ের পূর্বে by বসে।
**Ans : A.**

**14. It was I ___ he wanted to sing to.**
A. who B. whom C. which D. that

ব্যাখ্যা: Subject হিসেবে Who বসে
Object হিসেবে Whom বসে।
**Ans : B.**

**15. You must be careful to ___ in your use of tense.**
A. look up B. remain constant
C. maintain consistency D. double cheek

ব্যাখ্যা: Maintain Consistency - পূর্বাপর মিল মেনে চলা।
Tense এর ক্ষেত্রে যথাযথ Sequence মেনে চলার ক্ষেত্রে সতর্ক থাকার জন্য বলা হয়েছে।
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**16. Choose the correctly spelled word-**
A. Papyrous B. Papyrus
C. Pappyras D. Pepyras

**Ans : B.**

**17. He took ___ bull by ___ horns.**
A. an, the B. the, the
C. a, an D. the, on

ব্যাখ্যা: এটি একটি Phrase.
Take the boll by the horns - To face difficulty or danger directly and with courage.
**Ans : B.**

**18. He fantasized ___ winning the lottery.**
A. with B. from C. after D. about

ব্যাখ্যা: Fantasize এর পরে Preposition হিসেবে about বসে।
Fantasize about - উদ্ভট বা অসম্ভব কল্পনা।
**Ans : D.**

**19. Strenuous exercises soon ___ meals is detrimental ___ health.**
A. after, to B. through, against
C. before, for D. from, upon

ব্যাখ্যা: Sentence টি কি বোঝাতে চেয়েছে, তা বুঝতে পারলে দেয়া সহজ হয়ে যায়। ক্লান্তিকর ব্যায়াম (Strenuous exercise) খাবারের ঠিক পরে (Soon after meals) ক্ষতিকর (detrimental) স্বাস্থ্যের জন্য, অর্থাৎ খাবারের ঠিক পরেই ক্লান্তিকর ব্যায়াম স্বাস্থ্যের জন্য ক্ষতিকর।
**Ans : A.**

**20. The correct passive form of 'we don't like idle people' is**
A. We are not liked by idle people
B. Idle people are not liked us
C. Idle people are not of our liking
D. Idle people are not liked by us

ব্যাখ্যা: verb হিসেবে do/does + (not) + V (Present) থাকলে Passive voice নিচের pattern এ হয়।
verb হিসেবে am / is / are + (not) + v (pp) বসবে।
**Ans : D.**

***Read the following passage and answer Q 21-25.***

Why is literacy so important in the modern world? Some of the reasons, like the need to fill out forms or get a good job, are obvious, But the chief reason is broader. The complex undertaking of modern life depend on the cooperation of many people with different specialties in different places. Where communications fail, so do the undertakings. The function of national literacy is to foster effective nationwide communications. Our chief instrument of communication over time and space is the stand are national language, which is sustained by national literacy. Mature literacy alone enables the tower to be built, the business to be well managed, and the airplane to fly without crashing. All nationwide communications, whether by telephone, radio, TV, or writing, are fundamentally dependent upon literacy, for literacy, for the essence of literacy is not simply reading and writing but also effective use of the standard literate language.

**21. 'Obvious' means**
A. clear B. obscure
C. unclear D. evidence

ব্যাখ্যা: Obvious - পরিষ্কার, স্পষ্ট প্রতিয়মান
**Synonym :** Clear, Overt, Distinct, Evident
**Antonym :** Dark, Fuzzy, Obscure, Vague
**Ans : A.**

**22. 'complex undertakings of modern life' means**
A. the complexities of modern life
B. the complex tasks of modern life
C. the immense variety of modern life
D. the various aspects of modern life

ব্যাখ্যা: Undertaking - উদ্যোগ, কর্ম
সুতরাং **Undertaking** এর সমার্থক শব্দ হিসেবে **task** বসানো যায়।
**Ans : B.**

**23. According to the passage the main function of literacy is to-**
A promote interaction between people
B. enable people to read and write
C. enable people to get better jobs
D. promote knowledge

ব্যাখ্যা: Passage এ বলা আছে, "The function of nation literacy is to foster effcetive nationwide cammunication" অর্থাৎ জনগনের মাঝে Communication interaction বাড়ানোর কথা বলা হয়েছে।
**Ans : A.**

**24. According to the passage the main medium of communication is-**
A TV B. radio
C standard language D. telephone

ব্যাখ্যা: Passage এ বলা আছে "Our chief instrument of communications............is the standard nation language"
**Ans : C.**

**25. The real meaning of literacy is-**
A. the ability to read and write
B. the ability to use the standard language
C. the ability to formulate ideas
D. the ability to exchange ideas

ব্যাখ্যা: Passage এর শেষ লাইনে এ নিয়ে বলা আছে।
**Ans : B.**

## সাধারণ জ্ঞান

### বাংলাদেশ বিষয়াবলি

**০১. জরুরি অবস্থা জারির বিধান সংবিধানে সন্নিবেশিত হয়-**
ক. প্রথম সংশোধনীতে খ. দ্বিতীয় সংশোধনীতে
গ. তৃতীয় সংশোধনীতে ঘ. চতুর্থ সংশোধনীতে

ব্যাখ্যা: • বাংলাদেশে এ যাবৎ ১৫ বার সংবিধান সংশোধনী হয়েছে।
বাংলাদেশ সংবিধানের উল্লেখযোগ্য সংশোধনী :-
• প্রথম সংশোধনী (১৯৭৩) - যুদ্ধপরাধীর বিচার।
• দ্বিতীয় সংশোধনী (১৯৭৩) - "জরুরি অবস্থা" ঘোষণার বিধান।
• তৃতীয় সংশোধনী (১৯৭৪) - বেরুবাড়ী ভারতের নিকট হস্তান্তরের বিধান।
• চতুর্থ সংশোধনী (১৯৭৫) - রাষ্ট্রপতি শাসন পদ্ধতি চালু এবং একদলীয় রাজনীতির প্রবর্তন।
• অষ্টম সংশোধনী (১৯৮৮) - রাষ্ট্রধর্ম হিসেবে ইসলামকে স্বীকৃতিদান, Dacca থেকে Dhaka এবং Bangali থেকে Bangla এ পরিবর্তন করা।
• ত্রয়োদশ সংশোধনী (১৯৯৬) - নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার গঠন।
• পঞ্চদশ সংশোধনী (২০১১) - তত্ত্বাবধায়ক সরকার বিলুপ্তি; ৭২র মূলনীতি পুর্নবহাল
• ষোড়শ সংশোধনী (২০১৪) - বিচারপতিদের অপসারণের ক্ষমতা সংসদের কাছে ন্যাস্ত করণ।
**সঠিক উত্তর : খ.**

**০২. শকুন্তলা গ্রন্থটির রচয়িতা-**
ক. ঈশ্বরচন্দ্র গুপ্ত খ. কালিদাস
গ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

ব্যাখ্যা: শকুন্তলা (নাটক) - কালিদাস
শকুন্তলা (উপাখ্যান) - ঈশ্চরচন্দ্র বিদ্যাসাগর।
**সঠিক উত্তর : ঘ.**

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**০৩. বাংলাদেশে প্রথম মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপিত হয়-**
ক. ১৯৮৫ সালে খ. ১৯৮৬ সালে
গ. ১৯৯৫ সালে ঘ. ১৯৯৬ সালে

**ব্যাখ্যা:** ১৯৮৬ সালে শেরে বাংলা নগরে মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপিত হয়।
**সঠিক উত্তর : খ.**

**০৪. বাংলাদেশ কখন বিশ্ববাণিজ্য সংস্থার (WTO) সদস্যপদ লাভ করে?**
ক. জানুয়ারি ১৯৯৪ খ. জানুয়ারি ১৯৯৫
গ. জানুয়ারি ১৯৯৩ ঘ. জানুয়ারি ১৯৯৬

**ব্যাখ্যা:** বিশ্বের বৃহত্তম অর্থনৈতিক জোট - WTO (World Trade Organization)
- ১ জানুয়ারী ১৯৯৫ WTO প্রতিষ্ঠিত হয়। সদর দপ্তর - জেনেভা, সুইজারল্যান্ডে।
- WTO এর পূর্বনাম GATT
- বর্তমান সদস্য সংখ্যা-১৫৯, সর্বশেষ তাজিকিস্থান
- বাংলাদেশ WTO এর সদস্যপদ লাভ করে ১ জানুয়ারী ১৯৯৫ (১২৪তম)

**সঠিক উত্তর : খ.**

**০৫. ড. মুহাম্মদ ইউনূসকে নোবেল পুরস্কার দেওয়া হয়-**
ক. ক্ষুদ্রঋণে খ. দারিদ্র দূরীকরণে
গ. শান্তিতে ঘ. অর্থনীতিতে

**ব্যাখ্যা:**
- ড. মুহাম্মদ ইউনুস গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা।
- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অর্থনীতি বিভাগের প্রফেসর ছিলেন।
- "সামাজিক ব্যবসা" তত্ত্বের জনক তিনি।
- ২০০৬ সালে ড. মুহাম্মদ ইউনুস ও গ্রামীণ ব্যাংক যৌথভাবে শান্তিতে নোবেল পুরস্কার পান।
- ২০০৯ সালে প্রেসিডেন্সিয়াল মেডেল অব ফ্রিডম এবং ২০১২ সালে কংগ্রেসনাল গোল্ড মেডেল পান।
- উল্লেখযোগ্য বই Banker to the Poor (2003), A world without poverty (2008), Building Social business (2010).

**সঠিক উত্তর : গ.**

**০৬. 'আমার দেশের' মাটির গন্ধে ভরে আছে সারা মন' - গানটির রচয়িতা**
ক. গাজী মাজহারুল আনোয়ার
খ. খান আতাউর রহমান
গ. মোহম্মদ মনিরুজ্জামান
ঘ. মোহাম্মদ রফিকুজ্জামান

**ব্যাখ্যা:** "আমার দেশের মাটির গন্ধে ভরে আছে সারা মন" গানটির রচয়িতা মোঃ মনিরুজ্জামান।
আরও বিস্তারিত : ঢাবি (২০০৯-২০১০) এর বাংলাদেশ বিষয়াবলীর (০২) নং দেখ।
**সঠিক উত্তর : গ.**

**০৭. বাংলাদেশের কোন উপজাতির পরিবার ব্যবস্থা পিতৃতান্ত্রিক?**
ক. গারো খ. মারমা
গ. সাঁওতাল ঘ. খাসিয়া

**ব্যাখ্যা:** উপজাতীগুলোর মধ্যে খাসিয়া এবং গারো মাতৃতান্ত্রিক।
বাকি সব উপজাতিগুলো পিতৃতান্ত্রিক।
**সঠিক উত্তর : খ এবং গ.**

**০৮. 'আমার সোনার বাংলা' গানের কটি লাইন বাংলাদেশের জাতীয় সঙ্গীত হিসেবে নেওয়া হয়েছে?**
ক. প্রথম চারটি খ. প্রথম নয়টি
গ. প্রথম দশটি ঘ. প্রথম বারোটি

**ব্যাখ্যা:** বিস্তারিত : ঢাবি (২০১০-২০১১) এর বাংলাদেশ বিষয়াবলীর (১৯) নং দেখ।
**সঠিক উত্তর : গ.**

**০৯. বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগের পৃথকীকরণের কথা বলা হয়েছে?**
ক. ২২ খ. ২৭
গ. ১৮ ঘ. ১১৮

**ব্যাখ্যা:**

| বিষয় | অনুচ্ছেদ |
|---|---|
| রাষ্ট্র ধর্ম | ২(ক) |
| রাষ্ট্র ভাষা | ৩ |
| জাতীয় সঙ্গীত, পতাকা ও প্রতীক | ৪ |
| নাগরকিত্ব | ৬ |
| গনতন্ত্র ও মানবাধিকার | ১১ |
| শিক্ষার অধিকার | ১৭ |
| নির্বাহী বিভাগ হাত বিচার বিভাগের পৃথকীকরণ | ২২ |
| আইনের দৃষ্টিতে সমতা | ২৭ |
| নারী পুরুষের সমান অধিকার | ২৮ |
| আইনের আশ্রয় লাভের অধিকার | ৩১ |
| চিন্তা ও বিবেকের স্বাধীনতা | ৩৯ (১) |
| পেশা ও বৃত্তির স্বাধীনতা | ৪০ |
| ধর্মীয় স্বাধীনতা | ৪১ |
| মৌলিক অধিকার বলবৎকরন | ৪৪ |
| যুদ্ধপরাধ সহ কতিপয় আইন | ৪৭ |
| রাষ্ট্রপতি ক্ষমা প্রদর্শন করার অধিকার | ৪৯ |
| রাষ্ট্রপতি কর্তৃক প্রধানমন্ত্রী নিয়োগ | ৫৬(৩) |
| তত্ত্বাবধায়ক সরকার | ৫৮ (ক-ঙ) |
| অ্যাটর্নি জেনারেল | ৬৪ |
| ফ্লোর ক্রসিং | ৭০ |
| ন্যায়পাল | ৭৭ |
| সুপ্রীম কোর্ট গঠন | ৯৪ |
| রাষ্টপতি কর্তৃক প্রধান বিচারপতি | ৯৫(১) |
| নির্বাচন কমিশন | ১১৮ |
| মহাহিসাব নিরীক্ষক | ১২৭ |
| সরকারী কর্ম কমিশন | ১৩৭ |
| জরুরী অবস্থা ঘোষনা | ১৪১ |

**সঠিক উত্তর : ক.**

**১০. মুক্তিযুদ্ধের সময় রাজশাহী কোন সেক্টরের অধীন ছিল?**
ক. সেক্টর-৩ খ. সেক্টর-৫
গ. সেক্টর-৭ ঘ. সেক্টর-৯

**ব্যাখ্যা:** কিছু গুরুত্বপূর্ণ অঞ্চলে যে সব সেক্টরের আওতাধীন ছিল-

| | |
|---|---|
| ঢাকা | ২নং সেক্টর |
| চট্টগ্রাম | ১নং সেক্টর |
| রংপুর ও দিনাজপুর | ৬নং সেক্টর |
| রাজশাহী | ৭নং সেক্টর |
| মুজিবনগর | ৮ নং সেক্টর |
| বরিশাল | ৯নং সেক্টর |
| নৌ-বাহিনী | ১০নং সেক্টর |

**সঠিক উত্তর : গ.**

**১১. ভারতের ছিটমহল নেই-**
ক. লালমনিরহাটে খ. রংপুরে
গ. কুড়িগ্রামে ঘ. নীলফামারীতে

**ব্যাখ্যা:** বাংলাদেশে অবস্থিত ভারতের ছিটমহল-

| জেলার নাম | ছিটমহলের সংখ্যা |
|---|---|
| লালমনিরহাট | ৫৯টি |
| পঞ্চগড় | ৩৬টি |
| কুড়িগ্রাম | ১২টি |
| নীলফামারী | ৪টি |
| মোট | ১১১টি |

**সঠিক উত্তর ঃ খ.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১২. 'মৎস্যন্যায়' বাংলার কোন সময়কাল নির্দেশ করে?
ক. ৫ম-৬ষ্ঠ শতক খ. ৬ষ্ঠ-৭ম শতক
গ. ৭ম-৮ম শতক ঘ. ৮ম-৯ম শতক

ব্যাখ্যাঃ মাৎস্যন্যায় গৌড়ের স্বাধীন রাজা শশাঙ্ক মৃত্যুর পর প্রায় ৭ম শতকের দিকে দেশ জুড়ে অরাজকতার শুরু হয়। এটি ইতিহাসে 'মাৎস্যন্যায়' হিসেবে পরিচিত।
• বাংলার প্রথম স্বাধীন ও সার্বভৌম রাজা- শশাঙ্ক
সঠিক উত্তর ঃ গ.

১৩. ১৯৪৭ সালের সীমানা কমিশন যে - নামে পরিচিতি-
ক. র‍্যাডক্লিফ কমিশন খ. সাইমন কমিশন
গ. লরেন্স কমিশন ঘ. ম্যাকডোনাল্ড কমিশন

ব্যাখ্যাঃ
•১৯৪৭ সালে লর্ড মাউন্টব্যাটেন ব্রিটিশ আইজীবী রেডক্লিফকে প্রধান করে সীমানা নির্ধারণ কমিশন গঠন করেন। ১৩ আগস্ট ১৯৪৭ রেডক্লিফ সীমানা নির্ধারণের চূড়ান্ত প্রতিবেদন প্রদান করেন। রেডক্লিফ এর মানচিত্র থেকেই ছিটমহল এর উদ্ভব হয়।
সঠিক উত্তর ঃ ক.

১৪. তৎকালীন পূর্ব বাংলার আইনসভা অবস্থিত ছিল-
ক. শেরে বাংলা নগরে খ. জগন্নাথ হলে
গ. তেজগাঁয়ে ঘ. জগন্নাথ কলেজে

ব্যাখ্যাঃ তৎকালীন পূর্ববাংলার আইনসভা ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলে অবস্থিত ছিল।
সঠিক উত্তর ঃ খ.

১৫. 'ভাসানী যখন ইউরোপে' বইটির লেখক-
ক. খন্দকার মোহাম্মদ ইলিয়াস খ. শওকত ওসমান
গ. বদরুদ্দিন উমর ঘ. আবু জাফর শামসুদ্দীন

ব্যাখ্যাঃ 'ভাসানী যখন ইউরোপে' বইটির লেখক খন্দকার মোহাম্মদ ইলিয়াস। লেখক বইটিতে ইউরোপে থাকাকালীন বিচিত্র অভিজ্ঞতার বয়ান দিয়েছেন। বইটি পাকিস্তান সরকারকর্তৃক দুইবার নিষিদ্ধ হয়।
সঠিক উত্তর : ক.

১৬. স্যার পি জে হার্টগ ইন্টারন্যাশনাল হল অবস্থিত-
ক. অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে খ. হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে
গ. কলকাতা বিশ্ববিদ্যালয়ে ঘ. ঢাকা বিশ্ববিদ্যালয়ে

ব্যাখ্যাঃ
•বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ে – ১৯টি হল আছে। তার মধ্যে ৫টি ছাত্রী হল। ২০০২ সালে স্যার পি জে হার্টজ ইন্টারন্যাশনাল হল। প্রতিষ্ঠিত হয়।
•ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ১৩টি অনুষদ ও ১১টি ইনস্টিটিউট আছে।
•ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম উপাচার্য– স্যার পি জে হার্টজ।
সঠিক উত্তর ঃ ঘ.

১৭. মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী ছিলেন-
ক. অধ্যাপক ইউসুফ আলী খ. কামরুজ্জামান
গ. তাজউদ্দিন আহমেদ ঘ. ক্যাপ্টেন মনসুর আলী

ব্যাখ্যাঃ মুজিবনগর সরকার এর-
রাষ্ট্রপতি - শেখ মুজিবুর রহমান।
অস্থায়ী উপ - রাষ্ট্রপতি – সৈয়দ নজরুল ইসলাম।
প্রধানমন্ত্রী – তাজউদ্দীন আহমদ।
অর্থ মন্ত্রী – এম মনসুর আলী।
পররাষ্ট্র মন্ত্রী – খন্দকার মোশতাক আহমেদ।
স্বরাষ্ট্র মন্ত্রী – কামরুজ্জামান।
•স্বাধীনতার ঘোষণাপত্র ও শপথবাক্য পাঠ করান - অধ্যাপক ইউসুফ আলী।
•স্বাধীনতার ঘোষনাপত্র জারি ও সরকার গঠন - ১০ এপ্রিল ১৯৭১।
•শপথ গ্রহণ – ১৭ এপ্রিল ১৯৭১।
•অস্থায়ী রাজধানী – মেহেরপুরের মুজিবনগর।
•সচিবালয় – ৮ - থিয়েটার রোড কলকাতা।
সঠিক উত্তর ঃ ঘ.

১৮. কাজী নজরুল ইসলাম ও মুজাফফর আহমদ একত্রে সম্পাদনা করেছিলেন?
ক. আজাদ খ. সওগাত
গ. নবযুগ ঘ. ধূমকেতু

ব্যাখ্যাঃ কিছু গুরুত্বপূর্ণ পত্রিকার সম্পাদক-

| সম্পাদক | পত্রিকার নাম |
|---|---|
| প্রমথ চৌধুরী | সবুজপত্র |
| ঈশ্বরচন্দ্র গুপ্ত | সংবাদ প্রভাকর, সংবাদ রত্নাবলী, পাষন্ড পীড়ন |
| রবীন্দ্রনাথ ঠাকুর | সাধনা |
| শামসুর রাহমান | দৈনিক বাংলা |
| মীর মশাররফ হোসেন | আজিজুন্নাহার |
| কাজী নজরুল ইসলাম | ধুমকেতু, লাঙ্গল, দৈনিক নবযুগ |
| সিকান্দার আবু জাফর | সমকাল |
| কৃষ্ণচন্দ্র মজুমদার | ঢাকা প্রকাশ |
| কাঙ্গাল হরিনাথ | গ্রামবার্তা প্রকাশিকা |
| বিহারীলাল চক্রবর্তী | পূর্ণিমা, সাহিত্য সংক্রান্ত |
| শেখ আবদুর রহিম | সুধাকর, মিহির, হাফেজ |
| মাওলানা আকরাম খাঁ | মাসিক মোহাম্মদী, আল এসলাম, দৈনিক সেবক |
| শৈলজানন্দ মুখোপাধ্যায় | কালি-কলম |
| আবদুল কাদের | মাহেনাও |
| ফজল শাহাবুদ্দিন | বিচিত্রা, কবিতাপত্র, কবিকণ্ঠ |

• নবযুগ কাজী নজরুল ইসলাম ও মুজাফফর আহমেদ একত্রে সম্পাদনা করেছিলেন।
সঠিক উত্তর ঃ গ.

১৯. বাংলাদেশের বর্তমান মাথাপিছু আয়-
ক. ৪০০ ডলারের নিচে খ. ৪৫০ ডলারের নিচে
গ. ৫০০ ডলারের নিচে গ. কোনটিই নয়

ব্যাখ্যাঃ পরিসংখ্যান ব্যুরো ২০১৪-২০১৫ রিপোর্ট - ১৩১৪ মা.ড
সঠিক উত্তর ঃ নেই।

২০. বাংলাদেশের জাতীয় সংসদের ইংরেজি নাম-
ক. পার্লামেন্ট খ. এ্যাসেম্বলি
গ. ন্যাশনাল এ্যাসেম্বলি ঘ. হাউজ অব দ্য নেশন

ব্যাখ্যাঃ বিস্তারিত : ঢাবি (২০১২-২০১৩) এর বাংলাদেশ বিষয়াবলীর (০৮) নং দেখ।
সঠিক উত্তর ঃ ঘ.

২১. ২০০৮-০৯ অর্থবছরের বাজেটে সর্বনিম্ন করমুক্ত আয়ের সীমা ধরা হয়েছে-
ক. এক লক্ষ টাকা খ. এক লক্ষ ২০ হাজার টাকা
গ. এক লক্ষ ৬৫ হাজার টাকা ঘ. এক লক্ষ ৮০ হাজার টাকা

ব্যাখ্যাঃ ২০১৫-১৬ এর বাজেট অনুযায়ী-
•ব্যক্তিগত- ২,৫০,০০০ টাকা পর্যন্ত করমুক্ত।
•নারী করদাতা বা ৬৫ উর্ধ্ব করদাতার করমুক্ত সীমা- ৩,০০,০০০ টাকা।
•প্রতিবন্ধীদের করমুক্তি সীমা - ৩,৭৫,০০০ টাকা।
সঠিক উত্তর ঃ গ.

২২. মুক্তিযুদ্ধে বীরত্বের জন্য কতজন নারীকে 'বীর প্রতীক' উপাধিতে ভূষিত করা হয়?
ক. দুই জন খ. তিন জন
গ. চার জন ঘ. পাঁচ জন

ব্যাখ্যাঃ বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর বাংলাদেশ বিষয়াবলীর (১৮) নং দেখ।
সঠিক উত্তর ঃ ক.

২৩. বাংলাদেশে প্রথম গ্যাস ক্ষেত্র আবিস্কৃত হয়-
ক. ১৯৫৫ সালে খ. ১৯৫৬ সালে
গ. ১৯৫৭ সালে ঘ. ১৯৫৮ সালে

ব্যাখ্যাঃ প্রথম গ্যাসফিল্ড আবিস্কৃত হয় – ১৯৫৫ সালে হরিপুর (সিলেট)
•প্রথম গ্যাস উত্তোলন শুরু – ১৯৫৭ সালে, হরিপুর (সিলেট)।
•মোট গ্যাসক্ষেত্র – ২৬টি।
• সর্বশেষ– রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
•প্রথম গ্যাসফিল্ড অগ্নিকান্ড – হরিপুর (১৯৫৫)। সর্বশেষ- টেংরাটিলা (সুনামগঞ্জ)।
•বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (BPC) এর যাত্রা শুরু হয় ১ জানুয়ারী ১৯৭৭।
সঠিক উত্তর ঃ ক.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২৪. কোনটি ভুল?
A. BANSDOC: Bangladesh Scientific and Technical Documentation Centre
B. BCSIR: Bangladesh Cultural Scientific and Industrial Research
C. GIS: Geographical Information System
D. ECNEC: Executive Committee of the National Economic Council

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০১০-২০১১) এর বাংলাদেশ বিষয়াবলীর (০৭) নং এবং ঢাবি (২০০৯-২০১০) এর বাংলাদেশ বিষয়াবলীর (০৫) নং দেখ।
সঠিক উত্তর ঃ খ.

২৫. বাংলাদেশের রাষ্ট্রীয় লোগোটি ডিজাইন করেন-
ক. কামরুল হাসান খ. এ এন এ সাহা
গ. আবদুর রউফ ঘ. মোহাম্মদ কিবরিয়া

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০১২-২০১৩) এর বাংলাদেশ বিষয়াবলীর (১২) নং দেখ।
সঠিক উত্তর ঃ খ.

## আন্তর্জাতিক বিষয়াবলি

০১. গোলান মালভূমি কোন দুই দেশের মধ্যে সংঘাতের কারণ?
ক. মিশর ও ইসরায়েল খ. সিরিয়া ও ইসরায়েল
গ. জর্ডান ও ইসরায়েল ঘ. রাশিয়া ও জর্জিয়া

ব্যাখ্যা: ১৯৬৭ সালে ৩য় আরব ইসরাইল যুদ্ধে সিরিয়া ইসরাইলের কাছে গোলান মালভূমি হারায়।
সঠিক উত্তর ঃ খ.

০২. নিকারাগুয়ার রাজধানী-
ক. মানামা খ. কারাকাস
গ. সান সালভাদর ঘ. মানাগুয়া

ব্যাখ্যা:

| দেশের নাম | রাজধানী |
|---|---|
| বাহরাইন | মানামা |
| ভেনেজুয়েলা | কারাকাস |
| এল সালভাদর | সান সালভাদর |
| নিকারাগুয়া | মানাগুয়া |

সঠিক উত্তর ঃ ঘ.

০৩. আনোয়ার হোজ্জা কোন দেশের শাসক ছিলেন?
ক. উজবেকিস্তান খ. তুরস্ক
গ. আলবেনিয়া ঘ. তাজিকিস্তান

ব্যাখ্যা: •আনোয়ার হোজ্জা আলবেনিয়ার প্রধানমন্ত্রী ছিলেন (১৯৪৪-১৯৫৪)
•আলবেনীয়ার সমাজতান্ত্রিক নেতা।
সঠিক উত্তর ঃ গ.

০৪. 'বেলফোর ঘোষণা' কোন রাষ্ট্রের প্রতিষ্ঠার সঙ্গে সম্পর্কিত?
ক. পাকিস্তান খ. কসোভো
গ. ইসরায়েল ঘ. কিউবা

ব্যাখ্যা : •১৯১৭ সালে ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী আর্থার বেলফোর পার্লামেন্টে ইসরাইল রাষ্ট্রের রূপরেখা দিয়ে ব্রিটিশ ম্যান্ডেট প্রদান করেন। যা ইতিহাসে বেলফোর ঘোষণা নামে পরিচিত।
•এ ঘোষণা মধ্য দিয়েই মধ্যপ্রাচ্যের ইহুদি রাষ্ট্র হিসেবে ১৯৪৮ সালে ইসরাইল জন্ম নেয়।
সঠিক উত্তর ঃ গ.

০৫. ভুটানের জাতীয় খেলা-
ক. ফুটবল খ. ক্রিকেট
গ. আর্চারি ঘ. টেনিস

ব্যাখ্যা: সার্কভুক্ত দেশগুলোর জাতীয় খেলা -

| দেশের নাম | জাতীয় খেলা |
|---|---|
| বাংলাদেশ | কাবাডি |
| ভারত | হকি ও কাবাডি |
| শ্রীলংকা | ক্রিকেট |
| পাকিস্তান | হকি |
| আফগানিস্তান | বক্সিং |
| নেপাল | ডান্ডি বিয়ু (Dandi Biyo) |
| মালদ্বীপ | ফুটবল |
| ভুটান | আর্চারি |

সঠিক উত্তর ঃ গ.

০৬. WMD এর পূর্ণরূপ-
ক. ওয়াটার ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট খ. ওয়ার অফ মাস ডেস্ট্রাকশন
গ. উইপেন্স অফ মাস ডেস্ট্রাকশন ঘ. ওয়ান্ড মাস ডেভেলপমেন্ট

ব্যাখ্যা: বিস্তারিত : ঘ (২০০৯-২০১০) এর বাংলাদেশ বিষয়াবলীর (০৫) নং দেখ।
সঠিক উত্তর ঃ গ.

০৭. আফ্রিকার শৃঙ্গ কোথায় অবস্থিত?
ক. উত্তরপূর্ব আফ্রিকা খ. দক্ষিণপূর্ব আফ্রিকা
গ. মধ্য আফ্রিকা ঘ. দক্ষিণ আফ্রিকা

ব্যাখ্যা: আফ্রিকার শিং (Horns of Africa) বলতে আফ্রিকার পূর্বতম অঞ্চল বোঝায়। সোমালিয়া, জিবুতি, ইরিত্রিয়া, ইথিওপিয়া নিয়ে এ অঞ্চল গঠিত। সোমালিয়া থেকে উত্তর-পূর্ব দিকে শিঙ্গের আকারে আরব সাগরের দিকে প্রসারিত হয়েছে বলে এ অঞ্চলের এমন নামকরণ করা হয়েছে।
সঠিক উত্তর ঃ ক.

০৮. জাপানের সবচেয়ে বড় দ্বীপ-
ক. হোক্কইডো খ. কিয়ুসু গ. হনসু ঘ. সিকক্

ব্যাখ্যা: জাপানের প্রধান চারটি দ্বীপ - হনসু, শিকোকু, কিউসু, হোক্কাইডো, বৃহত্তম দ্বীপ - হনসু (২,৩১,০০০ বর্গ কি.মি.)
বিশ্বের সর্ববৃহৎ দ্বীপ - গ্রীনল্যান্ড (২,১৭৫,৬০০ বর্গ কি.মি.)
বিশ্বের সর্ববৃহৎ দ্বীপরাষ্ট্র - ইন্দোনেশীয়া (১,৯০৪,৫৬৯ বর্গ কি.মি.)
সঠিক উত্তর ঃ গ.

০৯. মার্টিন লুথার একজন-
ক. নাগরিক অধিকার আন্দোলনকারী খ. ধর্ম সংস্কারক
খ. গায়ক ঘ. শিল্পী

ব্যাখ্যা: মার্টিন লুথার- জার্মান ধর্মযাজক। মার্টিন লুথার ষোড়শ শতকে প্রোটেস্ট্যান্ট ধর্ম বিপ্লবের সূত্রপাত করেন। তিনি প্রোটেস্ট্যান্ট মতবাদের প্রবক্তা। মার্টিন লুথার কিং- যুক্তরাষ্ট্রের কৃষ্ণাঙ্গ নাগরিক অধিকার আন্দোলনকারী।
সঠিক উত্তর ঃ খ.

১০. 'সুনামি' শব্দটি-
ক. জাপানি খ. ডাচ গ. ফরাসি ঘ. চীনা

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০১০-২০১১) এর বাংলাদেশ বিষয়াবলীর (১৫) নং দেখ।
সঠিক উত্তর ঃ ক.

১১. পরমাণু অস্ত্রবিস্তার রোধ চুক্তির সদস্য না হওয়া সত্ত্বেও কোন রাষ্ট্র সম্প্রতি নিউক্লিয়ার সাপ্লাইয়ার্স গ্রুপের সাথে বাণিজ্য করার অনুমতি পেয়েছে?
ক. জাপান খ. উত্তর কোরিয়া
গ. পাকিস্তান ঘ. ভারত

ব্যাখ্যা:• NPT - Nuclear Non- Proliferation Treaty.
•১২ জুন ১৯৬৮ জাতিসংঘে সাধারণ পরিষদে NPT অনুমোদিত হয়।
•ইসরাইল, ভারত, পাকিস্তান NPT স্বাক্ষর করেনি।
•ভারত NPT তে স্বাক্ষর না করা স্বত্তেও যুক্তরাষ্ট্রের সাথে ২০০৮ সালে নিউক্লিয়ার সাপ্লাইয়ার্স গ্রুপের সাথে বাণিজ্য করার অনুমতি পেয়েছে।
•২০০৩ সালে উত্তর কোরিয়া NPT থেকে নিজেকে প্রত্যাহার করে নেয়।
সঠিক উত্তর ঃ ঘ.

১২. কোনটিকে ইউরেশিয়ান রাষ্ট্র হিসেবে বিবেচনা করা হয়?
ক. জাপন খ. সৌদি আরব গ. তুরস্ক ঘ. ওমান

ব্যাখ্যা: তুরস্ক ইউরোপ ও এশিয়া উভয় মহাদেশের মধ্যে পড়ে। তাই তুরস্ককে ইউরেশিয়ান রাষ্ট্র বলে।
সঠিক উত্তর ঃ গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৩. বারাক ওবামার পূর্বে কোন আফ্রিকান-আমেরিকান ব্যক্তি ডেমোক্রেটিক পার্টি থেকে মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি পদে প্রার্থী হতে চেয়েছিলেন?
ক. মার্টিন লুথার কিং খ. জেসি জ্যাকসন
গ. নোয়া লুইস রবিনসন ঘ. রেভারেন্ড লিয়ন সুলিভান

ব্যাখ্যা: ১৯৮৪ সালে আফ্রো-আমেরিকান ডেমোক্রেট নেতা জেসি জ্যাকসন ডেমোক্রেটিক দল থেকে প্রেসিডেন্ট পদে প্রার্থী হতে চেয়েছিলেন।
সঠিক উত্তর ঃ খ.

১৪. আর্কটিক-এর বরফ গলে যাবার কারণ-
ক. বৈশ্বিক উষ্ণতা খ. প্রলম্বিত গ্রীষ্মকাল
গ. ভূমিকম্প ঘ. অতিরিক্ত বৃষ্টিপাত

ব্যাখ্যা: বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির জন্যে দক্ষিণ মেরুর আর্কটিক এর বরফ দ্রুত গলে যাচ্ছে।
সঠিক উত্তর ঃ ক.

১৫. কোন অবদানের জন্য ফিনল্যান্ডের সাবেক প্রেসিডেন্ট মার্টি আহতিসারি ২০০৮ সালের নোবেল শান্তি পুরস্কার লাভ করেন?
ক. আন্তর্জাতিক দ্বন্দ্বের সমাধান
খ. সার্বজনীন মানবাধিকারের উন্নয়ন
গ. পারমাণবিক অস্ত্রমুক্ত বিশ্ব প্রতিষ্ঠার জন্য সংগ্রাম
ঘ. অনুন্নত দেশগুলোতে দারিদ্র্য বিমোচন

ব্যাখ্যা: ২০১৬ সালে শান্তিতে নোবেল পুরস্কার পান - কলোম্বিয়ার প্রেসিডেন্ট Juan Manuel Santos
সঠিক উত্তর ঃ ক.

১৬. যুক্তরাষ্ট্রের কোন সাবেক পররাষ্ট্রমন্ত্রী *White House years* রচনা করেন?
ক. হ্যারল্ড ব্রাউন খ. জেমস্ বেকার
গ. জর্জ শুলজ ঘ. হেনরি কিসিঞ্জার

ব্যাখ্যা: যুক্তরাষ্ট্রের সাবেক পররাষ্ট্রমন্ত্রী হেনরী কিসিঞ্জার White house years গ্রন্থটি রচনা করেন।
- যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জন এফ কেনেডি পুলিৎজার পুরস্কার পান।
- 'প্রোফাইল ইন ক্যারেজ' বইটির জন্য ১৯৫৫ সালে তিনি পুলিৎজার পুরস্কার পান।

সঠিক উত্তর ঃ ঘ.

১৭. কোন সংস্থা মানবাধিকার এবং গণতন্ত্রের সংগ্রামে অবদানের জন্য 'Sakharov Prize for Freedom of Thought' পুরস্কার দিয়ে থাকে?
ক. ইউরোপীয় পার্লামেন্ট খ. মার্কিন যুক্তরাষ্ট্র সরকার
গ. জাতিসংঘ মানবাধিকার কমিশন ঘ. কোনটিই নয়

ব্যাখ্যা: শাখারত ইউরোপীয় পার্লামেন্ট প্রদত্ত মানবাধিকার রক্ষা বিষয়ক পুরস্কার। ২০১৪ সালে গণপ্রজাতন্ত্রীক কঙ্গোর ডেনিস মুকওয়েজে।
সঠিক উত্তর ঃ ক.

১৮. FARC গেরিলারা কোন দেশে তাদের কার্যক্রম চালাচ্ছে?
ক. পেরু খ. কলম্বিয়া গ. চিলি ঘ. কোস্টারিকা

ব্যাখ্যা: বিখ্যাত কিছু গেরিলা সংগঠন-

| নাম | যে দেশে কার্যক্রম |
|---|---|
| FARC | কলম্বিয়া |
| MNLF | ফিলিপাইনের মিন্দানাও |
| JKLF | জম্মু ও কাশ্মীর রাজ্যের স্বাধীনতা অর্জন |
| FMLN | এল সালভাদর |
| UNITA | অ্যাঙ্গোলা |
| শাইনিং পাথ | পেরু |

সঠিক উত্তর ঃ খ.

১৯. ওয়েস্ট পয়েন্টে অবস্থিত যুক্তরাষ্ট্রের-
ক. নৌ একাডেমি খ. সামরিক একাডেমি
গ. বিমান বাহিনী একাডেমি ঘ. মেরিন একাডেমি

ব্যাখ্যা: ওয়েস্ট পয়েন্ট মার্কিন যুক্তরাষ্ট্রের ফেডারেল মিলিটারি রিজার্ভেশন সামরিক একাডেমি, এটি নিউইয়র্কে অবস্থিত।
সঠিক উত্তর ঃ খ.

২০. সম্প্রতি কোন দেশকে যুক্তরাষ্ট্র তার সন্ত্রাসী তালিকা থেকে বাদ দিয়েছে?
ক. সৌদি আরব খ. পাকিস্তান গ. ইরাক ঘ. উত্তর কোরিয়া

ব্যাখ্যা: ২০০৮ সালে যুক্তরাষ্ট্র উত্তর কোরিয়াকে সন্ত্রাসী তালিকা থেকে বাদ দেয়।
সঠিক উত্তর ঃ ঘ.

২১. ডটার অব দ্য ইস্ট বইটি লিখেছেন-
ক. গোল্ডা মেয়ার খ. বেনজির ভুট্টো
গ. ইন্দিরা গান্ধী ঘ. শ্রীমাভো বন্দরানায়েকে

সঠিক উত্তর ঃ খ.

২২. চীনা নভোচারীরা যে নভোযানে ২০০৮ সালে সফল মহাকাশ যাত্রা করেছেন-
ক. শেনজু-৭ খ. ডিসকভারি গ. এ্যাপোলো ঘ. স্পুটনিক

সঠিক উত্তর ঃ ক.

২৩. দারফুর সংকটের সঙ্গে জড়িত-
ক. জাতিগোষ্ঠী নির্মূলকরণ খ. পরিবেশ দূষণ
গ. ভৌগোলিক সীমানা ঘ. বাজারে প্রবেশ

সঠিক উত্তর ঃ ক.

২৪. আইএলও প্রতিষ্ঠিত হয়-
ক. ১৯১৯ সালে খ. ১৯১৮ সালে
গ. ১৯২০ সালে ঘ. ১৯২১ সালে

ব্যাখ্যা: ILO-International Labour Organization.
- ১৯ এপ্রিল ১৯১৯ ভার্সাই চুক্তির আওতায় ILO প্রতিষ্ঠিত হয়।
- ILO এর সদর দপ্তর সুইজারল্যান্ড এর জেনেভায়।
- ১৪ ডিসেম্বর ১৯৪৬, ILO জাতিসংঘের বিশেষায়িত সংস্থার মর্যাদা পায়।
- বাংলাদেশ ২২ জুন ১৯৭২ এ ILO এর সদস্যপদ পায়।

সঠিক উত্তর ঃ ক.

২৫. মুসলিম বিশ্বের আইনসভার প্রথম মহিলা স্পিকার-
ক. মালিহা লোদী খ. ফাহমিদা মির্জা
গ. ফাহমিদা নবী ঘ. ফাহমিদা ইসলাম

ব্যাখ্যা:
- মুসলিম বিশ্বের প্রথম নারী স্পিকার – ফাহমিদা মির্জা
- বাংলাদেশের প্রথম নারী স্পিকার – ড. শিরীন চৌধুরী

সঠিক উত্তর ঃ খ.

## ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)
শিক্ষাবর্ষ ঃ ২০০৭-২০০৮

### বাংলা

০১. 'তাঁহার সদুপদেশটা একেবারে বাজে খরচ হইল।' -'হৈমন্তী' গল্পে সদুপদেশটা-
ক. বনমালী বাবুর খ. হৈমন্তীর বাবার
গ. হৈমন্তীর শ্বশুরের ঘ. হৈমন্তীর শাশুড়ির

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ গ.

০২. 'স্বর্ণশ্যাম বুক ছিঁড়ে/অস্ত্র হাতে নামে সাস্ত্রী কাপুরষ,'-কাদের কথা বলা হল?
ক. ব্রিটিশ সেনা খ. পাকিস্তান সেনা
গ. ভারতীয় সেনা ঘ. আমেরিকান সেনা

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ খ.

০৩. 'তুলসী পাতার রসের প্রয়োজন হয় নাই তার।'-কার প্রয়োজন হয় নি?
ক. মোদাব্বেরের খ. এনায়েতের
গ. মকসুদের ঘ. ইউনুসের

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ ঘ.

০৪. 'স্বপ্নালু চোখে স্বপ্ন নাবতো তার।' - কার চোখে স্বপ্ন নামতো?
ক. তপুর খ. রেণুর গ. রুণীর ঘ. রাহাতের

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ ক.

০৫. 'পাঞ্জেরি' কবিতার পর্ববিন্যাস মূলত এ-রকম
ক. ৮ + ৬ খ. ৬ + ৬ + ২ গ. ৫ + ৫ + ৪ ঘ. ৪ + ৪ + ৪ + ২

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ খ.

০৬. 'যৌবনের গান' কবিতায় কথিত 'নীল মঞ্জুষার মণি'র প্রাপ্তিস্থল-
ক কাঞ্চনজঙ্ঘা খ. বরফের নীচ গ. সাগর তল ঘ. গভীর জঙ্গল

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার